

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৪৮৭

২০/ আহার করা (كتاب الأُطعمة عن رسول الله صلى الله عليه وسلم)

পরিচ্ছেদঃ কণ্ঠদেশ এবং বুকের উপরিভাগ যাবাহ করা হবে।

باب مَا جَاءَ فِي الذَّكَاةِ فِي الْحَلْقِ وَاللِّبَّةِ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، وَمُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، قَالَ حَدَّثَنَا وَكَيْعٌ، عَنْ حَمَادِ بْنِ سَلْمَةَ، ح وَقَالَ أَحْمَدُ بْنُ مَنِيعٍ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَنْبَأَنَا حَمَادُ بْنُ سَلْمَةَ، عَنْ أَبِي الْعُشْرَاءِ، عَنْ أَبِيهِ، قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَمَا تَكُونُ الذَّكَاةُ إِلَّا فِي الْحَلْقِ وَاللِّبَّةِ قَالَ " لَوْ طَعَنْتَ فِي فَخْذِهَا لِأَجْزَاءِ عَنكَ " . قَالَ أَحْمَدُ بْنُ مَنِيعٍ قَالَ يَزِيدُ بْنُ هَارُونَ هَذَا فِي الضَّرُورَةِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ حَمَادِ بْنِ سَلْمَةَ . وَلَا نَعْرِفُ لِأَبِي الْعُشْرَاءِ عَنْ أَبِيهِ غَيْرَ هَذَا الْحَدِيثِ وَاخْتَلَفُوا فِي اسْمِ أَبِي الْعُشْرَاءِ فَقَالَ بَعْضُهُمْ اسْمُهُ أُسَامَةُ بْنُ قَهْطِمٍ وَيُقَالُ اسْمُهُ يَسَارُ بْنُ بَرَزٍ وَيُقَالُ ابْنُ بَلَزٍ وَيُقَالُ اسْمُهُ عَطَارِدٌ نُسِبَ إِلَى جَدِّهِ .

বাংলা

১৪৮৭। হান্নাদ ও মুহাম্মদ ইবনুল আ'লা ও আহমাদ ইবনু মানী' (রহঃ) ... আবুল উশারা তার পিতা (রাদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ, কণ্ঠদেশ এবং বুকের উপরিভাগ ছাড়া কি যাবাহ হয় না? তিনি বললেন, তুমি যদি উরুতেও আঘাত করতে পার তবে তা-ও তোমার জন্য যথেষ্ট হবে।

যঈফ, ইবনু মাজাহ ৩১৮৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৮১ [আল মাদানী প্রকাশনী]

ইয়াজিদ ইবনু হারুন (রহঃ) বলেন, উক্ত অনুমতি অপারগ অবস্থায় প্রযোজ্য। এ বিষয়ে রাফি ইবনু খাদীজা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীস গারীব। হাম্মাদ ইবনু সালামা রাদিয়াল্লাহু আনহু-এর সূত্র ছাড়া এ হাদীস সম্পর্কে আমরা অবগত নই। আবু উশারা-তার পিতা সূত্রে এ হাদীস ব্যতীত অন্য কোন হাদীস সম্পর্কে আমরা অবগত নই। আবুল উশারা (রহঃ) এর নাম সম্পর্কে মতভেদ রয়েছে। কেউ কেউ বলেন, তার নাম হল উসামা ইবনু কিহতিম। মতান্তরে ইয়াসার ইবনু বারয, ভিন্নমতে ইবনু বালয অন্য মতে উতারিদ।

English

Narrated Abu Al-'Ushara':

From his father that he said: "I said: 'O Messenger of Allah! Is there no slaughtering except upon the neck and the throat?' He said: 'If you stab its thigh it would be accepted to you.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21996>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন